# রংপুর সিটি কর্পোরেশন
## সাধারণ শাখা
www.rpcc.gov.bd

### রংপুর সিটি কর্পোরেশনের মে/ ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ১২.০৫.২০২৫ইং সোমবার, বিকাল : ০৩:০০টা
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভা কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে বলেন। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র/ নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মাসিক সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদনকরণ। | প্রধান নির্বাহী কর্মকর্তা গত মাসিক সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকলে তা দৃঢ়ীকরণ করার বিষয়ে মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকলে কার্যবিবরনী দৃঢ়ীকরণের বিষয়ে একমত পোষণ করেন। | গত ১২/০৪/২০২৫ইং মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদন করা হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ২ | রংপুর সিটি কর্পোরেশনের ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুত। | সভায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা উপস্থাপন করেন যে, আগামী ২০২৫-২০২৬অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুতের নিমিত্ত খাতওয়ারী আয়-ব্যয়ের বিষয়ে শাখা প্রধানগণের নিকট চাওয়া হয়েছে। এ বিষয়ে আগামী ১৪/০৫/২০২৫ তারিখে সভা করা প্রয়োজন। | ১৪/০৫/২০২৫ইং তারিখ ২০২৫-২৬ অর্থ বছরের খসড়া বাজেটের মতবিনিময় সভা করে নির্ধারিত সময়ের মধ্যে বাজেট প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্র:হি:রক্ষণ কর্মকর্তা (চ:দা:) |
| ৩ | রংপুর সিটি কর্পোরেশনের নতুন ভবনের হলরুম সংস্কারকরণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন এ কার্যালয়ে নতুন ভবনের হলরুম সংস্কারকরণ না করায় এবং আসবাবপত্র না থাকায় বিভিন্ন সভা করতে ব্যাঘাত সৃষ্টি হয়। সে লক্ষ্যে হলরুম সংস্কার ও আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন। প্রশাসক মহোদয় হলরুম সংস্কারকরণ ও আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | নতুন ভবনের হলরুম সংস্কারকরণ ও আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ৪ | পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গতিশীল করার জন্য ৪০টি রিক্সা ভ্যান। | সভায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট বলেন শহরে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে প্রতিটি ওয়ার্ডের জন্য ৪০টি রিক্সা ভ্যান ক্রয় করা প্রয়োজন। এ বিষয় প্রশাসক মহোদয় পূর্বের নষ্ট ভ্যানগুলো জমাপূর্বক টেন্ডারের মাধ্যমে নতুন ভ্যান ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | শহর পরিস্কার পরিচ্ছন্ন করার লক্ষ্যে টেন্ডারের মাধ্যমে ৪০টি রিক্সা ভ্যান ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | মশক নিধনের জন্য পুনরায় ঔষধ ক্রয়করণ প্রসঙ্গে আলোচনা। | সভায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উপস্থাপন করেন শহরে মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে। পূর্বের যে ঔষুধ ক্রয় করা হয়েছিল তা শেষ হয়েছে, বর্ষা মৌসুমে মশা নিধনের জন্য স্প্রে করতে হবে সেজন্য ঔষুধ ক্রয় করা প্রয়োজন। এ বিষয় প্রশাসক মহোদয় জরুরী ভিত্তিতে দরপত্র আহবানের মাধ্যমে ঔষধ ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | মশক নিধনের জন্য জরুরী ভিত্তিতে দরপত্র আহবানের মাধ্যমে ঔষধ ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |
| ৬ | শ্যামা সুন্দরী ক্যানেল পরিষ্কার পরিচ্ছন্নকরণ বিষয় আলোচনা। | সভায় বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উপস্থাপন করেন শ্যামা সুন্দরী ক্যানেল ইতোপূর্বে পরিস্কার করা হয়েছে। পুনরায় ময়লা আবর্জনায় ক্যানেল ভরাট হচ্ছে, সেকারণে শ্যামা সুন্দরী ক্যানেল পরিস্কার করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় শ্যামাসুন্দরী ক্যানেলের কচুরীপানাসহ অন্যান্য বর্জ্য পরিস্কার পরিচ্ছন্ন করার নির্দেশনা প্রদান করেন। | শ্যামাসুন্দরী ক্যানেলের কচুরীপানাসহ অন্যান্য বর্জ্য পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কঞ্জারভেন্সী শাখা |
| ৭ | হোল্ডিং নাম্বার প্লেট স্থাপন কার্যক্রম। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন স্থানীয় সরকার হতে প্রাপ্ত পত্রে শতফুল ফুটতে দাও সংস্থাসহ অন্যান্য সংস্থা রংপুর সিটি কর্পোরেশন এলাকায় হোল্ডিং নাম্বার প্লেট (ডিজিটাল) স্থাপন কার্যক্রমের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় রংপুর সিটি কর্পোরেশন এলাকার হোল্ডিং এর মালিকগণকে নিজ নিজ হোল্ডিংয়ে নাম্বার প্লেট বসানোর জন্য মাইকিং দ্বারা প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | রংপুর সিটি কর্পোরেশন এলাকার হোল্ডিং এর মালিকগণকে নিজ নিজ হোল্ডিংয়ে নাম্বার প্লেট বসানোর জন্য মাইকিং দ্বারা প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৮ | মাহিগঞ্জ শহীদ আবু সাঈদ মেমোরিয়াল হাসপাতাল এর মেরামত কাজকরণ। | সভায় ডাঃ পলাশ বলেন মাহিগঞ্জ শহীদ আবু সাঈদ মেমোরিয়াল হাসপাতাল এর নাম ফলক তৈরী, সিড়িঁঘরের দরজা, মেইনগেট এবং বাগানের রেলিং মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় উক্ত হাসপাতাল মেরামতের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | মাহিগঞ্জ শহীদ আবু সাঈদ মেমোরিয়াল হাসপাতাল মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা। |
| ৯ | ২০২৫-২৬ইং অর্থ বছরে রংপুর সিটি কর্পোরেশনা-ধীন কেন্দ্রীয় বাস টার্মিনাল, ঢাকা কোচ স্ট্যান্ড, সিটি জবাইখানা, মৎস্য আড়ৎ গণেশপুর টার্মিনাল, সিটি বাজার গণশৌচাগার, লাকী মসজিদ গণশৌচাগার, নবাবগঞ্জ বাজার গণশৌ-চাগার, মাহিগঞ্জ সাতমাথা মসজিদ সংলগ্ন গণশৌ-চাগার, চিকলী পার্ক সাইকেল স্ট্যান্ড পূর্বগেট সংলগ্ন, কেরামতিয়া জামে মসজিদ শ্যামাসুন্দরী খাল সংলগ্ন গণশৌচাগার ১(এক) বছর মেয়াদে ইজারা প্রদান সংক্রান্ত আলোচনা। | সভায় বাজার শাখা প্রধান মো: জাকির হোসেন জানান ২০২৫-২৬ইং অর্থ বছরে রংপুর সিটি কর্পোরেশনা- ধীন কেন্দ্রীয় বাস টার্মিনাল, ঢাকা কোচ স্ট্যান্ড, সিটি জবাইখানা, মৎস্য আড়ৎ গণেশপুর টার্মিনাল, সিটি বাজার গণশৌচাগার, লাকী মসজিদ গণশৌচাগার, নবাবগঞ্জ বাজার গণশৌচাগার, মাহিগঞ্জ সাতমাথা মসজিদ সংলগ্ন গণশৌচাগার, চিকলী পার্ক সাইকেল স্ট্যান্ড পূর্বগেট সংলগ্ন, কেরামতিয়া জামে মসজিদ শ্যামাসুন্দরী খাল সংলগ্ন গণশৌচাগার ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় উক্ত বাস টার্মিনাল, ঢাকা কোচ স্ট্যান্ড, গণশৌচাগারগুলো টেন্ডারের মাধ্যমে ইজারা দেয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | বাস টার্মিনাল, ঢাকা কোচ স্ট্যান্ড, গণশৌচাগারগুলো টেন্ডারের মাধ্যমে ইজারা দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | তাজহাট মৌজাধীন জে এল নং-৯৭, খতিয়ান নং- ৪৪৬, ৪৪৭, ৪৫০, ৯৩৪, দাগ নং- ৪২৯৩, ৪২৯৫, ৪২৯৬, ৪২৯৭, ৫৫৭০। জমির পরিমান- ২.২০০০ একর। উক্ত জমির বাৎসরিক লীজ চেয়ে আবেদন করণ প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান সম্পত্তি কর্মকর্তা উপস্থাপন করেন তাজহাট মৌজাধীন জে এল নং-৯৭, খতিয়ান নং-৪৪৬, ৪৪৭, ৪৫০, ৯৩৪, দাগ নং- ৪২৯৩, ৪২৯৫, ৪২৯৬, ৪২৯৭, ৫৫৭০, জমির পরিমান- ২.২০০০ একর। উক্ত জমির বাৎসরিক লীজ চেয়ে ১টি আবেদন পাওয়া গেছে। এ বিষয়ে প্রশাসক মহোদয় লীজ প্রদান না করণ এবং সিটি কর্পোরেশন এলাকায় সমস্ত অবৈধ জমির পরিমাপ ও অবৈধ দখলদারের তালিকা প্রস্তুত করে দাখিলের নির্দেশনা প্রদান করেন। | তাজহাট মৌজাধীন জমি লীজ প্রদান না করণ এবং অবৈধ জমির পরিমাপ ও অবৈধ দখলদারের তালিকা প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ১১ | বাংলাদেশ ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক পানি সরবরাহ ট্রিটমেন্ট প্লান্ট এবং ওভার হেড ট্যাংক নির্মাণের লক্ষ্যে কামাল কাছনা মৌজার- জে এল নং- ৯১, খতিয়ান নং- ২৫১৬, আর এস দাগ নং- ১৩৩২২। জমির পরিমান ১.৫৯০০ একরের মধ্যে ১.০০০০ একর জায়গা চেয়ে আবেদন- করণ প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান সম্পত্তি কর্মকর্তা উপস্থাপন করেন বাংলাদেশে ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক পানি সরবরাহ ট্রিটমেন্ট প্লান্ট এবং ওভার হেড ট্যাংক নির্মাণের লক্ষ্যে জায়গা চেয়ে আবেদন করেছেন। তৎপ্রেক্ষিতে কামাল কাছনা মৌজার- জে এল নং- ৯১, খতিয়ান নং- ২৫১৬, আর এস দাগ নং- ১৩৩২২, জমির পরিমান ১.৫৯০০ একরের মধ্যে ১.০০০০ একর জমি ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। প্রশাসক মহোদয় বর্ণিত তফসিলভূক্ত জমিতে পানি সরবরাহ ট্রিটমেন্ট প্লান্ট এবং ওভার হেড ট্যাংক নির্মাণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | কামাল কাছনা মৌজার- জে এল নং- ৯১, খতিয়ান নং- ২৫১৬, আর এস দাগ নং- ১৩৩২২, জমির পরিমান ১.৫৯০০ একরের মধ্যে ১.০০০০ একর জমিতে পানি সরবরাহ ট্রিটমেন্ট প্লান্ট এবং ওভার হেড ট্যাংক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ সংশ্লিষ্ট নথির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |
| ১২ | জনাব আবু হেনা মোস্তফা জামান, কামাল কাছনা, ওয়ার্ড নং-২৪, এর আবেদনের প্রেক্ষিতে পাবলিক লাইব্রেরী উম্মুক্ত মঞ্চ এবং জি, এল, রায় রোড এর নাম পরিবর্তন করণ। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন জনাব আবু হেনা মোস্তফা জামান, কামাল কাছনা, ওয়ার্ড নং-২৪, এর আবেদনের প্রেক্ষিতে পাবলিক লাইব্রেরী উম্মুক্ত মঞ্চ এবং জি, এল, রায় রোড এর নাম পরিবর্তন এর জন্য আবেদন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় নাম পরিবর্তন না করার নির্দেশনা প্রদান করেন। | রাস্তার নাম পরিবর্তন না করার সিদ্ধান্ত হয়। | প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ) |
| ১৩ | আলহাজ্ব মোঃ ইউনুস আলী, সভাপতি এর আবেদনের প্রেক্ষিতে পার্বতীপুর পশ্চিমপাড়া জামে মসজিদের অযুখানা, শৌচাগার ও প্রস্রাবখানা নির্মাণের জন্য আর্থিক সাহায্যের আবেদন। | সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থাপন করেন আলহাজ্ব মোঃ ইউনুস আলী, সভাপতি এর আবেদনের প্রেক্ষিতে পার্বতীপুর পশ্চিমপাড়া জামে মসজিদের অযুখানা, শৌচাগার ও প্রস্রাবখানা নির্মাণের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় আর্থিক সাহায্য প্রদান না করার নির্দেশনা প্রদান করেন। | আর্থিক সাহায্য প্রদান না করার সিদ্ধান্ত হয়। | প্রঃহিঃরক্ষণ কর্মকর্তা (চঃদা) |
| ১৪ | আর্থিক সাহায্য প্রসঙ্গে আলোচনা। | সভায় প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বিভিন্ন ওয়ার্ড থেকে প্রাপ্ত আর্থিক সাহায্য বিষয়ে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রশাসক মহোদয় পূর্বগঠিত কমিটির মাধ্যমে তদন্তপূর্বক আর্থিক সাহায্য প্রদানের নির্দেশনা প্রদান করেন। | পূর্বের গঠিত কমিটির মাধমে আর্থির্ক সাহায্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্র: হি: রক্ষণ কর্মকর্তা (চ:দা:) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | বিবিধ ঃ<br>ক) আদর্শ কর তফশীল, ২০১৬মোতাবেক কর/ফি, আদায় করণ। | সভায় শাখা প্রধান জনাব মো: মিজানুর রহমান, প্রধান লাইসেন্স পরিদর্শক উপস্থাপন করেন সিটি কর্পোরেশন আদর্শ কর তপশীল - ২০১৬ এর ১০(৪) ধারায় ব্যবসা, বৃত্তি, পেশা বা শিল্প প্রতিষ্ঠানের উপর ধার্য্যকৃত কর আরোপ এর সাথে গত ২৩/০৬/২০২৪ইং তারিখের অফিস কর্তৃক পুন: প্রণয়নকৃত কর তফশীলটি অমিল রয়েছে। ৩১ জানুয়ারী ২০১৬ প্রজ্ঞাপন আদর্শ কর তফশীল ২০১৬ অনুযায়ী কর প্রস্তাবনা প্রস্তুত আদায় করা প্রয়োজন। এ বিষয়ে প্রশাসক মহোদয় তফশীল কর আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | আদর্শ কর তফশীল, ২০১৬ মোতাবেক কর/ফি, আদায় এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৬/২৫

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-১১২৭

তারিখ ঃ ০৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রংপুর।
৩। সম্মানিত কাউন্সিলরবৃন্দ, রংপুর সিটি কর্পোরেশন।
৪। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রংপুর।
৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৮। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৯। তত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১০। বিভাগীয় কমিশনার মহোদয়ের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রংপুর সিটি কর্পোরেশন মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। নির্বাহী প্রকৌশলী, অঞ্চল. . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১২। নগর পরিকল্পনাবিদ, রংপুর সিটি কর্পোরেশন।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা , রংপুর সিটি কর্পোরেশন।
১৪। সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), রংপুর সিটি কর্পোরেশন।
১৫। বস্তি উন্নয়ন কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
১৬। প্রশাসনিক কর্মকর্তা (চঃদাঃ), রংপুর সিটি কর্পোরেশন।
১৭। সহকারী পরিচ্ছন্ন কর্মকর্তা , অঞ্চল. . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৮। . . . . . . . . . . . . . . . . . . . . . . . , রংপুর সিটি কর্পোরেশন।
১৯। শাখা প্রধান (সকল) রংপুর সিটি কর্পোরেশন।
২০। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশর (ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।)
২১। অফিস নথি।

২৩/৬/২৫

উম্মে ফাতিমা
(উপসচিব)
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন